৮/৯/২০০১

প্রথম আলো

তারিখ ................

পৃষ্ঠা ...১... কলাম ...৩......

# আন্তর্জাতিক সাক্ষরতা দিবস আজ

## রাষ্ট্রপতি, প্রধান উপদেষ্টা ও শেখ হাসিনার বাণী

নিজস্ব প্রতিবেদক

আজ ৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ও বয়স্ক শিক্ষা সপ্তাহ-

এরপর পৃষ্ঠা ২ কলাম ৩

## আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

প্রথম পৃষ্ঠার পর

২০০১। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও বিভিন্ন কর্মসূচি ও অনুষ্ঠানের মাধ্যমে এই দিবসটি পালিত হবে। রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ, তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা বিচারপতি লতিফুর রহমান, আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা সাক্ষরতা দিবস উপলক্ষে পৃথক পৃথক বাণী দিয়েছেন।

রাষ্ট্রপতি সাহাবুদ্দীন আহমদ বলেন, দেশের সার্বিক উন্নয়নের জন্য দক্ষ জনগোষ্ঠীর কোনো বিকল্প নেই। সমাজের সকল স্তরের মানুষের মাঝে শিক্ষার বিস্তার ঘটিয়ে এই দক্ষ জনশক্তি তৈরি করা সম্ভব। তিনি নিরক্ষরতামুক্ত বাংলাদেশ গড়ার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

বিচারপতি লতিফুর রহমান বলেন, আগামী ২০০৬ সালের মধ্যে সারা দেশকে নিরক্ষরতামুক্ত করার ব্যাপারে সরকার অঙ্গীকারবদ্ধ।

শেখ হাসিনা তার বাণীতে উল্লেখ করেন, সর্বস্তরের জনগণকে ঐক্যবদ্ধ করে কর্মসূচি নিলে নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্তি পাওয়া সম্ভব।

সাক্ষরতা দিবস উপলক্ষে 'বাংলাদেশ-২০০০'-এর উদ্যোগে 'দেশের অধিকাংশ সরকারি বিদ্যালয়ে প্রথম শ্রেণী থেকে তৃতীয় শ্রেণী পর্যন্ত অটো প্রমোশন বন্ধের প্রয়োজনীয়তা' শীর্ষক গোলটেবিল আলোচনার আয়োজন করেছে।